অধ্যক্ষের কার্যালয়
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী
www.ngdc-raj.ac.bd
E-mail : ngdcrajbd@yahoo.com
ফোনঃ +880721-772630

স্মারক নং : ৪৯ তারিখ: ২৭/০৭/২০২১ খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির অনলাইনে ভর্তি বিজ্ঞপ্তি

*** ভর্তির বিষয়সমূহ ও আসন সংখ্যা:** বাংলা-১২০, ইংরেজি-১০০, ইতিহাস-১২০, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১০০, রাষ্ট্রবিজ্ঞান-১০০, অর্থনীতি-১৫০, দর্শন-১০০, ভূগোল ও পরিবেশ-১০০, উদ্ভিদবিজ্ঞান-১১৫, প্রাণিবিজ্ঞান-১১৫, পদার্থবিজ্ঞান-১০০, রসায়ন-১০০, গণিত-১১৫, হিসাববিজ্ঞান-২০০, ব্যবস্থাপনা-২০০

*** অনলাইনে প্রাথমিক আবেদন করার তারিখ:** ২৮/০৭/২০২১ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৪/০৮/২০২১ তারিখ রাত ১২ টা পর্যন্ত। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Honours tab এ Prospectus (Honours)/Important Notice অপশন এবং কলেজ ওয়েসাইট (www.ngdc-raj.ac.bd) ও ফেসবুক পেজ (www.facebook.com/ngdcofficial) থেকে জানা যাবে।

*** প্রার্থীদের জন্য জ্ঞাতব্যঃ**

১। প্রার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) থেকে আবেদন ফরম পূরণ করে সাবমিট করার পর pdf কপি ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। প্রিন্ট কপির উপর Applicant's Signature & Date এর জায়গায় শিক্ষার্থী স্বাক্ষর করে তারিখ দিবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ সকল সার্ভিস চার্জ সহ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং সার্ভিস রকেট (DBBL Rocket) এর মাধ্যমে New Govt. Degree College এর বিলার আইডি 244 তে প্রদান করে তার ট্রানজেকশন আইডি প্রিন্টকৃত ফরমের একপাশে ফাঁকা স্থানে লিখতে হবে। ট্রানজেকশন আইডি লিখা এই আবেদন ফরমটি স্ক্যান করে কলেজের ওয়েবসাইট (www.ngdc-raj.ac.bd/online-admission) এর Honour's Admission লিংকে প্রবেশ করে অনলাইনে জমা দিতে হবে।

*** পূরণকৃত প্রাথমিক আবেদন ফরম ও আবেদন ফি কলেজে জমার তারিখ:** পূরণকৃত প্রাথমিক আবেদন ফরম কলেজের ওয়েবসাইটে (www.ngdc-raj.ac.bd/online-admission) Honour's Admission লিংকে প্রবেশ করে অনলাইনে জমা দিতে হবে এবং **আবেদন ফি বাবদ সর্বমোট ৩৫০/-** [আবেদন ফি ৩২০/- (জাতীয় বিশ্ববিদ্যালয় ফি ২৫০+ ব্যবস্থাপনা ফি ৫০+ আইসিটি ফি ২০), রকেট সার্ভিস চার্জ ১৫/- ও অনলাইন সার্ভিস চার্জ ১৫/-] ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং সার্ভিস রকেট (DBBL Rocket) এর মাধ্যমে প্রদান করতে হবে **৩০/০৭/২০২১ থেকে ১৫/০৮/২০২১ তারিখ দুপুর ২:০০ টার মধ্যে**

রকেট পেমেন্টের নিয়ম

১। রকেট অ্যাপস এ লগইন করতে হবে
২। এর পর বিল পে অপশনে প্রবেশ করতে হবে
৩। সার্চ অপশনে বিলার আইডি/ কলেজের নাম টাইপ করতে হবে
New Govt. Degree College এর বিলার আইডি 244
৪। বিল নম্বর/রেফারেন্স নম্বর এর স্থলে শিক্ষার্থীর অ্যাডমিশন রোলনম্বর টাইপ করতে হবে
৫। অন্যের একাউন্ট থেকে পেমেন্টের ক্ষেত্রে Other's option এ Beneficiary Mobile Number এ শিক্ষার্থীর মোবাইল নম্বর উল্লেখ করতে হবে
৬। টাকার পরিমান (৩৫০/-) টাইপ করতে হবে
৭। পিন নম্বর দিয়ে সাবমিট করতে হবে
৮। ট্রানজেকশন আইডি সহ এসএমএস সংরক্ষণ করতে হবে

বি: দ্রঃ সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।

প্রাথমিক আবেদন ফরম পূরণের নিয়মাবলীঃ

২। ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) Honours Tab-এ গিয়ে Apply Now (Honours) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। **উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে শিক্ষার্থীর শিক্ষা সহায়ক সকল তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে।**

খ) ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female অথবা Female এর স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে।

গ) এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যে কোন কলেজের নাম Select করলে ঐ কলেজে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি যোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সংগে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

ঙ) ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120*150 pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb. প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

চ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। **এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে** এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5’’×11”) অফসেট সাদা কাগজে] প্রিন্ট/pdf কপি সংগ্রহ করতে হবে।

ছ) ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন ক্লাস ১৫ সেপ্টেম্বর ২০২১ তারিখ থেকে শুরু হবে।

জ) ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য নিচের নম্বরে যোগাযোগ করা যাবে-

১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি ২০২১			
১।	প্রফেসর মোঃ ফাহমিদ হাসিব, দর্শন	আহবায়ক	
২।	মোঃ মনিরুল ইসলাম, সহকারী অধ্যাপক, রসায়ন	সদস্য	০১৭১৫০০৭৪৮৯
৩।	অমিত কুমার প্রাং, প্রভাষক, প্রাণিবিদ্যা	সদস্য	০১৭২২০৪৫৫৯৭
৪।	মোঃ শরিফুল ইসলাম, প্রভাষক, ইতিহাস	সদস্য	০১৯২৪৪০১৪০৪

(প্রফেসর ড. মোঃ অলীউল আলম)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

(প্রফেসর মোঃ ফাহমিদ হাসিব)
আহবায়ক
১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি ২০২১